গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মমতাজ আহমেদ এনডিসি<br>সিনিয়র সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ০২ ডিসেম্বর ২০২৫, বেলা ১০.০০ টা। |
| স্থান | বাংলাদেশ শিশু একাডেমি সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১)-কে সভা সঞ্চালনার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) সভার আলোচ্যসূচি অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত বিবরণ (কার্যপত্র) উপস্থাপন করেন।

**২.০ আলোচনা**

২.১ সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) বলেন যে, ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে মন্ত্রণালয়ের অধীনে মোট ১৫টি প্রকল্প বাস্তবায়নাধীন আছে। সকল প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৪৬৮৮৬.০০ লক্ষ টাকা (জিওবি- ৩১৪১৭.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১৫৪৬৯.০০ লক্ষ টাকা) বরাদ্দ আছে। বরাদ্দের বিপরীতে অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ১৭৩৫৩.১৬ লক্ষ টাকা (জিওবি- ৬০৩৪.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ১১৩১৯.১৬ লক্ষ টাকা) অবমুক্ত করা হয়েছে, যা মোট বরাদ্দের ৩৭.০১% এবং ব্যয় হয়েছে মোট ৬৮৯১.৪১ লক্ষ টাকা (জিওবি- ৪৪৭৭.১৬ লক্ষ টাকা এবং প্রকল্প সহায়তা ২৪১৪.২৫ লক্ষ টাকা), যা মোট বরাদ্দের ১৪.৭০%। সভাকে জানানো হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপি বাস্তবায়নের জাতীয় গড় অগ্রগতি ৮.৩৩% এবং গত অর্থ বছরে অক্টোবর, ২০২৪ পর্যন্ত মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতি ছিল ১৭.০৪%।

২.২ তিনি অবহিত করেন যে, সর্বমোট বরাদ্দের মধ্যে মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ৪টি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে মোট বরাদ্দ ১৫১১৮.০০ লক্ষ টাকা এবং অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১১৪৫.৮১ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৭.৫৮%। মহিলা বিষয়ক অধিদপ্তরের বাস্তবায়নাধীন ৮টি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩৮২১.০০ লক্ষ টাকা। এ অর্থ বছরের অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১২৩৫.৯৮ লক্ষ টাকা, যা বরাদ্দের ৮.৯৪%। জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন ২টি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে মোট বরাদ্দ ৪২৩৭.০০ লক্ষ টাকা এবং অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৫৮৭.৭০ লক্ষ টাকা, যা বরাদ্দের ৩৭.৪৭%। বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন ১টি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে মোট বরাদ্দ ১৩৭১০.০০ লক্ষ টাকা এবং অক্টোবর, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ২৯২১.৯২ লক্ষ টাকা, যা বরাদ্দের ২১.৩১%। তিনি আরও অবহিত করেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৫টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে এবং ১১টি প্রকল্প সবুজ পাতায় অননুমোদিত প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত ছিল যার মধ্যে ৫টি প্রকল্প ইতোমধ্যে অনুমোদিত হয়েছে।

০.৩ অত:পর বিস্তারিত প্রকল্পওয়ারী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**(ক) মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:**

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | Prevention of Violence and Harmful Practices against (PVHP) Children and Women in Bangladesh<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১৭০৩৪.৪৬ লক্ষ টাকা (জিওবি-৩৯৯৯.৫৯ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য- ১৩,০৩৪.৮৮ লক্ষ টাকা, UNICEF)<br>(২) মেয়াদঃ ০১-০৪-২০২৫ থেকে ৩১-০৩-২০২৯ | প্রকল্প পরিচালক জানান যে, গত ২১/১০/২০২৫ তারিখে প্রকল্পের অনুকূলে ১২৪৪.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য পরিকল্পনা কমিশন হতে পত্র পাওয়া গেছে এবং অর্থ ছাড়ের প্রক্রিয়া চলামান রয়েছে। ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত পর্যন্ত UNICEF কর্তৃক প্রদত্ত অর্থ হতে প্রকল্প সাহায্য খাতে ১৬০.৮৩ লক্ষ টাকা পাওয়া গেছে, তন্মধ্যে ১২২.৯৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে। | ১. প্রকল্পের অনুকূলে প্রাপ্ত অর্থছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>২. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |
| ২. | Inclusive Services and Opportunities for Human Capital Development and Livelihood project (ISO)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩৮৬৪৪.৫০ লক্ষ টাকা (জিওবি- ৩১৯.৫০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৮৩২৫.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br>(২) মেয়াদঃ ০১/০৭/২০২৪- ৩০/০৬/২০২৮ | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে ৯৩৫৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলমান অর্থ বছরে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত ১৭১০.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা প্রকল্পের মোট বরাদ্দের ১৮.২৮%।<br>তিনি আরো জানান যে, প্রকল্পে বর্তমানে চলমান কার্যক্রমের মধ্যে PIU কার্যকর, Procurement Specialist, Financial Management Specialist and Gender Specialist নিয়োগ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ২৫টি One Stop Crisis Centre, ৫টি আশ্রয়কেন্দ্র, এবং ১টি আঞ্চলিক ট্রমা কেন্দ্র (RTC)-এর জন্য কর্মীদের অর্গানোগ্রাম অনুমোদিত হয়েছে। UNFPA কর্তৃক ১৫৫ জন কর্মী নিয়োগ করার প্রক্রিয়া অব্যাহত রযেছে যা চলতি মাসের মধ্যে সকল নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে। রোহিঙ্গা রিফিউজি ক্যাম্প, কক্সবাজার এবং ভাসান চরে ১,৭৫,১৮১ জন নারী ও মেয়েদের GBV/SRHR সেবা প্রদান করা হয়েছে এবং ২০,৬৪৭ জন নারী ও মেয়েদের মধ্যে GBV বিষয়ে সচেতন বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে। ২৫,০০৮ জন নারী-মেয়ে GBV প্রতিরোধের জন্য WLCC, WFS & Youth Center থেকে সেবা গ্রহণ করেছে এবং ২,৫৮১ জন নারী ও মেয়েকে সাইকোলজিক্যাল সেবা প্রদান করা | ১. প্রকল্পের নিয়োগ কার্যক্রম দ্রুত ত্বরান্বিত করতে হবে;<br>২. One Stop Crisis Centre এর কার্যক্রম দ্রুত আরম্ভ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | হয়েছে। ইতোমধ্যে ১৫ টি ওসিসি এর Assessments সম্পন্ন হয়েছে এবং ড্রাফ রিপোর্ট ওয়াল্ড ব্যাংকের সাথে শেয়ার করা হয়েছে। প্রকল্পের আওতায় কক্সবাজারে ৫টি ওসিসি কার্যক্রম চলমান রয়েছে।<br><br>প্রকল্পের এনজিও নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। শীগ্রই PIC ও PSC সভা অনুষ্ঠিত হবে। | | |
| ৩. | Supporting Implementation of the mother and Child Benefit Programme (SIMCBP)<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ১০৬০৩.৯১ লক্ষ টাকা (জিওবি- ১৮৬৩.৯১ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৮৭৪০.০০ লক্ষ টাকা, বিশ্ব ব্যাংক)।<br><br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৮ | সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে ৪০২০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলমান অর্থ বছরে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ৩৭৩.১১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা প্রকল্পের মোট বরাদ্দের ৯.২৮%।<br><br>ইতোমধ্যে ০৭ জন কনস্যালটেন্ট নিয়োগ করা হয়েছে। ৪৭৫ টি উপজেলায় প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে, সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রশিক্ষণের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে প্রকল্পের অনুকূলে ৩টি Performance Based Condition (PBC) অর্জিত হয়েছে। PBC তিনটি হলো-<br><br>১। এমসিবিপি (MCBP) অপারেশনাল গাইডলাইন অনুমোদন<br><br>২। কার্যকর ভাবে কর্মসূচি বাস্তবায়ন এবং পরীবিক্ষণের জন্য সক্ষমতা শক্তিশালীকরণ<br><br>৩। আগের (Previous FY) অর্থবছরের তুলনায় নগদ অর্থ স্থানান্তর সহায়তা পাওয়া এমসিবিপি (MCBP) সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধি।<br><br>এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরের ১৬,৩১,১৫৫ উপকারভোগী হতে ২০২৪-২৫ অর্থ বছরে মোট ১৮,৪৪,৭২০ তে উন্নিত করা হয়েছে। প্রতিটি বাচ্ছাকে ৮১৫ টাকা দেয়া হয়। ট্রেনিং এর ৮০% সমাপ্ত হয়েছে। কনসালটেন্ট ফার্ম নিয়োগের কার্যক্রম চলমান আছে। পরিমার্জিত Social and Behavior Change Communication (SBCC) বিষয়ে কর্মসূচী সংশ্লিস্ট বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয়ে মাস্টার ট্রেইনার পুল গঠন, মাস্টার | ১. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | ট্রেইনার পুলের মাধ্যমে উপজেলা, ইউনিয়ন পর্যায়ে SBCC বিষয়ক রিসোর্সপুল তৈরি এবং ইউনিয়ন রিসোর্স পুলের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে কর্মসূচীর সুবিধাভোগী ও কমিউনিটিকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | | |
| ৪. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের লক্ষ্যে সার্ভে ও সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৫০০.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br><br>(২) মেয়াদঃ ০১/০৩/২০২৫ থেকে ৩০/০৬/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে ৪৯৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। চলমান অর্থ বছরে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ৬১.০৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা প্রকল্পের মোট বরাদ্দের ১২.২৬%।<br>তিনি আরো জানান যে, প্রকল্পের ৫টি কার্যক্রমের মধ্যে ১ম টি বাস্তবায়নে প্রকল্প এলাকা হিসেবে ঢাকার উত্তরা, মোহাম্মদপুর, রামপুরা ও ঢাকা বিশ্ববিদ্যালয়কে নির্বাচন করা হয়। সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রকল্পের অন্য ৪টি কম্পোনেন্ট এর কার্যক্রম চলমান রয়েছে। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br><br>২. প্রকল্পের কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. প্রকল্প পরিচালক। |
| **(খ) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ :** | | | | |
| ৫. | কিশোর কিশোরী ক্লাব স্থাপন<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৬৬৬২৭.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৮-৩০/০৬/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১.০০ লক্ষ টাকার মধ্যে চলমান অর্থ বছরে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি।<br><br>প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ৬৬৬২৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত (০১ বছর) বৃদ্ধির প্রস্তাব একনেক কর্তৃক অনুমোদন করা হয়েছে।<br><br>সভায় আরো জানানো হয় যে, একনেক কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সংশোধিত ডিপিপিতে কিশোর-কিশোরীদের জন্য প্রকল্পের অনুকূলে নাস্তা বাবদ ২৫ টাকা করে ধরা হয়েছে। গত ২৬/১০/২০২৫ তারিখে ১ম সংশোধিত প্রকল্পটির প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। পরিকল্পনা কমিশনের 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাত' হতে প্রকল্পের অনুকূলে ১৩৯৫৫.০৪ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য গত ০২/১২/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা | ১. প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে;<br><br>২. সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | হয়েছে। এছাড়া কিশোর কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্পের জনবল রাজস্ব খাতে পদ সৃজনের জন্য হালনাগাদ তথ্য জনপ্রশাসনে প্রেরণ করা হয়েছে। | | |
| ৬. | উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ<br><br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০০৮৩.৪১ লক্ষ (জিওবি ৬৭১৬.০০ প্রকল্প সাহায্য ২৩৩৬৭.৪১) টাকা (জিওবি ও গ্রীণ ক্লাইমেট ফান্ড)।<br><br>(২) মেয়াদঃ ০১/০১/২০১৯-৩০/০৬/২০২৬ | সভায় জানানো হয় যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩২৫৬.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ নভেম্বর ২০২৫ পর্যন্ত ১১৫৫.৫১ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা প্রকল্পের মোট বরাদ্দের ৩৫.৪৮%।<br><br>তিনি আরো জানান যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশে প্রতিষ্ঠানভিত্তিক/কমিউনিটি ভিত্তিক রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম কমিউনিটির নিকট হস্তান্তর কার্যক্রম শুরু করা হয়। ইতোমধ্যে ১৬৯টি রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম এর মধ্যে সংশ্লিষ্ট উপকারভোগীদের জন্য ১২৫টি প্রতিষ্ঠান/কমিউনিটির নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া ২০২৫-২০২৬ অর্থবছরে আরো ১০টি খানাবিশিষ্ট ৬৫৮টি প্রতিষ্ঠানভিত্তিক/কমিউনিটি ভিত্তিক রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম স্থাপনের কাজ চলমান আছে। ১৩,৩০৮টি খানাভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা সম্পন্ন হয়েছে এবং উপকারভোগীর নিকট হস্তান্তর করা হয়েছে আরো ২০০০টি খানাভিত্তিক বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবস্থাপনা সিস্টেম স্থাপনের কাজ চলমান আছে। সমুদ্র থেকে Ultra Filteration এর মাধ্যমে পানি সরবরাহ করার জন্য জাতীয় পর্যায়ে প্রকল্প গ্রহণের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন। এ ছাড়া প্রকল্পের মেয়াদের মধ্যেই সকল কার্যক্রম সমাপ্ত হবে। সচিব মহোদয় পরিদর্শনে সন্তোষজনক অভিমত প্রকাশ করেন। | ১. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে;<br><br>২. সমুদ্র থেকে Ultra Filteration এর মাধ্যমে পানি সরবরাহ করার জন্য জাতীয় পর্যায়ে প্রকল্প গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ৭. | Accelerating Action to End Child Marriage in Bangladesh (২য় পর্যায়)<br><br>(১) প্রাক্কলিত ব্যয়: ১২৪৮.০০ লক্ষ টাকা (জিওবি ৪৬.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১২০২.০০ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৩২২.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ৯৫.১৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২৯.৫৬%। | ১. প্রকল্পের এলাকার সংখ্যা বৃদ্ধি করে ৩২ টি জেলা নিয়ে ০২ বছর বৃদ্ধির জন্য দ্রুততম সময়ের মধ্যে সংশোধিত প্রকল্প প্রস্তাব অনুমোদনের ব্যবস্থা গ্রহণ | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | লক্ষ টাকা) (PA-UNFPA)।<br><br>(২) মেয়াদঃ ০১/০১/২০২৩-৩১/১২/২০২৫ | প্রকল্পটির মেয়াদ যেহেতু ডিসেম্বর ২০২৫ পর্যন্ত তাই প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পের তালিকায় রয়েছে। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের এলাকার সংখ্যা বৃদ্ধি করে ৩২ টি জেলা নিয়ে ০২ বছর বৃদ্ধির প্রস্তাব করে প্রকল্প দলিল সংশোধনের জন্য টিএপিপি গত ১২/১১/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ আইন ২০১৭ সংশোধনের কার্যক্রম চলমান। | করতে হবে। | |
| ৮. | Promoting Rights and Advancement of Women and Girls to Prevent GBV Project<br><br>প্রাক্কলিত ব্যয় : ৮২৬.১৪ লক্ষ (জিওবি ১.১৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৮২৫.০০ লক্ষ টাকা) (জিওবি ও UNFPA)<br><br>(২) মেয়াদঃ ০১/১০/২০২৩-৩১/১২/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৫৬.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ১৩.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৫.৪১%।<br><br>প্রকল্প পরিচালক আরো জানান যে, National Referral Guideline of GBV বাংলায় অনুবাদ করা হয়েছে এবং বর্তমানে উক্ত রেফারেল গাইডলাইন সংক্রান্ত কমিটির মাধ্যমে পর্যালোচনা করা হচ্ছে।<br><br>তিনি আরো জানান যে,<br><br>১। পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০ হালনাগাদকরণ<br><br>২। কর্মস্থল ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০২৫ (খসড়া)<br><br>এই দুটি আইন মাঠ পর্যায় ও সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের মতামত গ্রহন করে চুড়ান্তকরণ করে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ৫৪টি মন্ত্রণালয় ও বিভাগ এর WID ফোকাল পারসনদের নিয়ে ০২ দিন ব্যাপি কর্মশালার আয়োজন করা হয়েছে। | ১. প্রকল্পের আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে;<br><br>২. UNFPA এর সাথে আলোচনা পূর্বক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ।<br><br>৩. প্রকল্প পরিচালক। |
| ৯. | নারী ও শিশু নির্যাতন প্রতিকার ও প্রতিরোধে সমন্বিত সেবা জোরদারকরণ এবং কুইক রেসপন্স টিমের কার্যক্রম প্রকল্প<br>প্রাক্কলিত ব্যয় : ৩০৯৩৯.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)।<br>(২) মেয়াদঃ ০১ জুলাই ২০২৫ | সভায় জানানো হয় যে, গত ১৫/১০/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাত' হতে প্রকল্পের অনুকূলে ৫৫১০.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। পাশাপাশি জনবল নিয়োগের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br><br>২. দ্রুত জনবল নিয়োগ করতে হবে;<br><br>৩. প্রকল্পের কর্মপরিকল্পনা | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br><br>২. মহাপরিচালক, মবিঅ। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | হতে ৩১ ডিসেম্বর ২০২৯ পর্যন্ত | প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ছাড় করণ করা হয়েছে এবং ১১টি উদ্দেশ্যের মধ্যে নারী ও শিশু প্রতিকার, ট্রমা কাউন্সিল করা রয়েছে। GBV MIS সিষ্টেমের কার্যক্রম চলমান রয়েছে। | ও বার্ষিক ক্রয়পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ৩. প্রকল্প পরিচালক। |
| ১০. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপন প্রকল্প<br>(১) প্রাক্কলিত ব্যয় : ২১১৭১.০৮৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)।<br>(২) মেয়াদ : ০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত | প্রকল্প পরিচালক জানান যে, গত ২১/১০/২০২৫ তারিখে প্রকল্পের অনুকূলে ১৭০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য পরিকল্পনা কমিশন হতে পত্র পাওয়া গেছে। প্রকল্প পরিচালক আরো জানান যে, প্রকল্পের ডিপিপিতে খাতওয়ারী অর্থনৈতিক কোড ও অঙ্গের নাম সংশোধন এবং নতুন কোড অন্তর্ভুক্তকরণপূর্বক গত ১৬/১০/২০২৫ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে।<br>প্রকল্প পরিচালক আরো জানান যে, অর্থ ছাড়ের কার্যক্রম চলমান রয়েছে। ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য কোন কোন জেলায় স্থান পাওয়া গেছে তার একটি তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. ডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>২. প্রকল্পের অনুকূলে প্রাপ্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৩. ৬০টি ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য কোন কোন জেলায় স্থান পাওয়া গেছে তার একটি তালিকা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১১. | "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প।<br>(১) প্রাক্কলিত ব্যয় : ৩৯৫৮৩.৮৯ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদ: ০১ জুলাই ২০২৫ হতে ৩০ জুন ২০২৮ পর্যন্ত | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি নতুন অনুমোদিত হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে কোন বরাদ্দ নেই।<br>প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২টি প্রকল্প হতে পুণঃউপযোজনের মাধ্যমে ১৪৪৫.০০ লক্ষ (রাজস্ব ১৩৪৫.০০ লক্ষ ও মূলধন ১০০.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ১২/১১/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে;<br>২. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩.প্রকল্প পরিচালক। |
| ১২. | ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৮৪৬১.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৩/২০১৬-৩০/০৬/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ ০১ বছর বৃদ্ধির প্রক্রিয়া চলমান রয়েছে। বরাদ্দ না থাকায় বাচ্চাদের খাবার বন্ধ রয়েছে। পরিকল্পনা কমিশনে এ বিষয়ে বিবেচনার জন্য ০৪/১১/২০২৫ তারিখে পত্র দেওয়া হয়েছে। | ১. প্রকল্পটির মেয়াদ ০১ বছর বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>২. প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, মবিঅ।<br>৩.প্রকল্প |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | | গ্রহণ করতে হবে;<br>৩. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | পরিচালক। |
| **(গ) জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:** | | | | |
| ১৩. | তথ্য আপাঃ তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন (২য় পর্যায়) (২য় সংশোধিত)<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ মোট ৬৬১০৮.৩১ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০৪/২০১৭-৩০/০৬/২০২৬ | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটি ৬৬১০৮.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মেয়াদ ৩০ জুন ২০২৬ পর্যন্ত (০১ বছর) বৃদ্ধির ৩য় সংশোধন প্রস্তাব গত ১৭/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং ০৭/১০/২০২৫ তারিখে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, একনেক শাখা-১ হতে অনুমোদন পত্র জারি করা হয়। পরবর্তীতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে ১৯/১০/২০২৫ তারিখে উক্ত প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়।<br>সভায় জানানো হয় যে, পরিকল্পনা কমিশনের 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা খাত' হতে প্রকল্পের অনুকূলে ৯৮৫৬.২৩ লক্ষ টাকা বরাদ্দ প্রাপ্তির জন্য গত ২৬/১০/২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রাপ্তির পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে;<br>২. ৩য় সংশোধন ডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>৩. প্রকল্পকে অধিকতর ফলপ্রসূ করার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |
| ১৪. | তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন<br>প্রাক্কলিত ব্যয় : ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২১ - ৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে প্রাপ্ত বরাদ্দ ৭১৮৬.০০ লক্ষ টাকার মধ্যে প্রকল্পটি হতে অতিরিক্ত ২৯৪৯.০০ লক্ষ টাকা পুনঃউপযোজনপূর্বক বরাদ্দ নির্ধারণ করা হয়। বর্তমানে প্রকল্পটির অনুকূলে মোট এডিপি বরাদ্দ ৪২৩৭.০০ লক্ষ টাকা যার মধ্যে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ১৭৯১.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ৪২.২৮%।<br>প্রকল্প পরিচালক আরো জানান যে, ২৫৬৭০০০ জন প্রশিক্ষণার্থীকে ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে এ প্রশিক্ষণ | ১. ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;<br>২. প্রকল্পের বার্ষিক কর্ম পরিকল্পনা ও বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সময়ভিত্তিক কার্যক্রম যথাযথভাবে সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে;<br>৩. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদার করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. নির্বাহী পরিচালক, জামস।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম, প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম সমাপ্ত হবে।<br>সভায় আরো জানানো হয় যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে প্রাক্কলিত ব্যয় ৩২৪৩.৮৯ লক্ষ টাকা হ্রাস এবং কতিপয় অঙ্গের ব্যয় সমন্বয়পূর্বক ১ম সংশোধিত ডিপিপি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক গত ২৭/১১/২০২৫ তারিখে অনুমোদন করা হয়। শীগ্রই প্রশাসনিক আদেশ জারী করা হবে। | | |
| **(ঘ) বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প** | | | | |
| ১৫. | সমাজভিত্তিক সমন্বিত শিশু-যত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুদের প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা<br>(১) প্রাক্কলিত ব্যয়ঃ ৩০৪৩০.৫৭ লক্ষ টাকা (জিওবি-২৫০০৯.৮৭ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৫৪২০.৭৩ লক্ষ টাকা) ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ, (RNLI)<br>(২) মেয়াদঃ ০১/০১/২০২২-৩১/১২/২০২৫ | প্রকল্প পরিচালক জানান যে, ২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে আলোচ্য প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ১৩৭১০.০০ লক্ষ টাকার মধ্যে ৩০ নভেম্বর, ২০২৫ পর্যন্ত ৩১১৮.২৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট বরাদ্দের ২২.৭৪%।<br>প্রকল্প পরিচালক আরও জানান যে, ৪৫টি উপজেলায় প্রকল্পের কার্যক্রম চলমান। ১-৫ বছরের ৩৬,০০০ শিশুদের সাতাঁর ট্রেনিং প্রায় শেষের দিকে এবং ১০ বছরের বয়সী শিশুদের সাতাঁর সুবিধার কিছু অংশ বাকী রয়েছে যা নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হবে।<br>পরবর্তী পর্যায়ে প্রকল্প গ্রহণের জন্য দাতা সংস্থা নির্বাচনের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর সাথে যোগাযোগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১. প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করতে হবে;<br>২. পরবর্তী পর্যায়ে প্রকল্প গ্রহণের জন্য দাতা সংস্থা নির্বাচনের বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর সাথে যোগাযোগ করতে হবে। | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. মহাপরিচালক, বাশিএ।<br>৩. প্রকল্প পরিচালক। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | বিবিধ | মন্ত্রণালয় এর দপ্তর/সংস্থার আওতায় চলমান প্রকল্পসমূহের বাল্যবিবাহ সংক্রান্ত কার্যক্রমের দ্বৈততা পরিহারের লক্ষ্যে ৫টি মন্ত্রণালয় নির্বাচন করে একটি ইনক্লুসিভ সভা আয়োজন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br>দেশের বড় বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য এবং স্থাপত্য অধিদপ্তরের ডিজাইনে দেশের বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার | ১. মন্ত্রণালয় এর দপ্তর/সংস্থার আওতায় চলমান প্রকল্পসমূহের বাল্যবিবাহ সংক্রান্ত কার্যক্রমের দ্বৈততা পরিহারের লক্ষ্যে ৫টি মন্ত্রণালয় নির্বাচন করে একটি ইনক্লুসিভ সভা আয়োজন করতে হবে;<br>২. দেশের বড় বড় স্থাপনাগুলোতে ডে-কেয়ার সেন্টার স্থাপনের জন্য শিশু ও সমন্বয় শাখা হতে কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>৩. স্থাপত্য অধিদপ্তর কর্তৃক বড় স্থাপনাগুলোর ডিজাইনে ডে-কেয়ার সেন্টার অন্তর্ভুক্ত | ১. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, মশিবিম।<br>২. শিশু ও সমন্বয় অধিশাখা, মশিবিম।<br>৩. উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ ও , |

৫৬১৬

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তঃ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দপ্তর |
|---|---|---|---|---|
| | | অন্তর্ভুক্ত করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>Electronic Government Procurement (e-GP) system এ ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরির জন্য সভায় আলোচনা হয়।<br>এছাড়া, গণপূর্ত অধিদপ্তর এর নিকট থেকে জয়িতা টাওয়ার বুঝে নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৪. Electronic Government Procurement (e-GP) system এ ইউজার আইডি ও পাসওয়ার্ড তৈরির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৫. সদ্য সমাপ্তকৃত জয়িতা টাওয়ার গণপূর্ত অধিদপ্তর এর নিকট থেকে যথাযথভাবে গ্রহণের জন্য জয়িতা ফাউন্ডেশনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>৬. সরেজমিন পরিদর্শনসহ ই-মনিটরিং জোরদারকরণ করতে হবে; | শিশু ও সমন্বয় অধিশাখা, মশিবিম।<br>৪. সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ।<br>৫. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন।<br>৬. সংস্থা প্রধান ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ। |

০৪. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মমতাজ
১৪/১১/২০২৫

মমতাজ আহমেদ এনডিসি
সিনিয়র সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়